**REGIONAL NEWS UNIT**

**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 07-10-2023**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**Amit Saha :**

স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেছেন, গত কয়েক বছরে দেশের বামপন্থী উগ্রপন্থা দমনে সাফল্য পাওয়া গেছে। এই বামপন্থী উগ্রপন্থা দমন এখন চূড়ান্ত পর্যায়ে রয়েছে। গতকাল নয়াদিল্লিতে বামপন্থী উগ্রপন্থা দমনে এক পর্যালোচনা সভায় তিনি সভাপতিত্ব করছিলেন। বামপন্থী উগ্রপন্থা কবলিত রাজ্যগুলির মুখ্যমন্ত্রী ও উপমুখ্যমন্ত্রী এবং সংশ্লিষ্ট রাজ্যের আধিকারিকরা সভায় উপস্থিত ছিলেন। স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মদির নেতৃত্বে কেন্দ্রীয় সরকারের সহযোগিতায় ২০২২-২০২৩ এই বছরের বামপন্থী উগ্রপন্থা দমনে বিশেষ সাফল্য পাওয়া গেছে। তিনি বলেন, আগামী দু’বছরের মধ্যে এই উগ্রপন্থা সম্পূর্ণ নির্মূল করা হবে। এই ব্যাপারে প্রস্তাব নেওয়া হয়েছে।

************************

**Power Minister :**

রাজ্যে ২০৩০ সালের মধ্যে পুন:নর্বীকরনযোগ্য ৫০০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের লক্ষ্য মাত্রা নেওয়া হয়েছে। বিদ্যুৎমন্ত্রী রতন লাল নাথ নয়াদিল্লি থেকে রাজ্যে ফিরে গতকাল মহাকরনে এক সাংবাদিক সম্মেলনে একথা জানান। তিনি জানান, রাজ্যের সামান্য পরিমান জল বিদ্যুৎ ব্যতিত আর সবই তাপ বিদ্যুৎ। প্রাকৃতিক

গ্যাস নির্ভর এই বিদ্যুৎ কেন্দ্রগুলোতেও আগামী ২৫ থেকে ৩০ বছরের মধ্যে গ্যাসের সংকট দেখা দিতে পারে। এই কারনেই পুন:নর্বীকরনযোগ্য ৫০০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের লক্ষ্য মাত্রা নেওয়া হয়েছে।

**************************

**BJP C.M at Boxanagar :**

বিজেপি নেতা ও মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন উন্নয়নের মাধ্যমেই মানুষের সমর্থন আদায় করতে চায় ভারতীয় জনতা পার্টি। তিনি বলেন, উন্নয়নের দিশা নিয়ে মানুষের কল্যাণে নিরন্তর কাজ করে চলেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও ভারতীয় জনতা পার্টির সর্বভারতীয় সভাপতি জে পি নাড্ডা। এক্ষেত্রে কোন ভেদাভেদ না রেখেই মানুষের সার্বিক কল্যাণে কাজ করছে সরকার। মুখ্যমন্ত্রী বলেন, উন্নয়নের মাধ্যমেই মানুষের সমর্থন আদায় করতে চায় ভারতীয় জনতা পার্টি। সম্পর্কের সাথে সমর্থন আদায় করা আমাদের লক্ষ্য। সেই লক্ষ্য নিয়েই কাজ করছেন পার্টির নেতা কর্মী ও কার্যকর্তাগণ।

এর পাশাপাশি রাজ্যের অন্যান্য বিধানসভা কেন্দ্রের সঙ্গে বক্সনগর ও ধনপুর বিধানসভা এলাকারও উন্নয়ন ও জনগণের কল্যাণে সরকার গুরুত্ব দিয়েছে বলে তিনি মন্তব্য করেন।

এদিন সভায় উপস্থিত ছিলেন ভারতীয় জনতা পার্টির প্রদেশ সভাপতি রাজীব ভট্টাচার্য, সাধারণ সম্পাদক পাপিয়া দত্ত, বিধায়ক তফাজ্জল হোসেন, সিপাহীজলা জেলার জেলা সভাপতি দেবব্রত ভট্টাচার্য সহ দলের অন্যান্য নেতৃত্ব।

****************************

**G-20 :**

নবম G-20 সংসদীয় অধ্যক্ষ সম্মেলন, P-20 এই মাসের ১৩ ও ১৪ তারিখ নতুনদিল্লিতে অনুষ্ঠিত হবে। G-20-এর মধ্যে, (P20) হল G-20 দেশগুলির অধ্যক্ষদের নেতৃত্বে একটি এনগেজমেন্ট গ্রুপ এবং এটির লক্ষ্য বৈশ্বিক শাসনে সংসদীয় মাত্রা আনা। P-20 এর মূল বিষয় হল, এক পৃথিবী, এক পরিবার, এক ভবিষ্যতের জন্য সংসদ। গতকাল নতুনদিল্লিতে এই শীর্ষ সম্মেলন সম্পর্কে লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা সংবাদ মাধ্যমকে বলেন, ২৫ জন অধ্যক্ষ, ১০ জন উপাধ্যক্ষ এবং ৫০ জন সাংসদ সহ অন্যান্যরা এই বৈশ্বিক অনুষ্ঠানে অংশ নেবেন।

**************************

**Neermahal Festival :**

মেলাঘরের রাজঘাটে তিন দিনব্যাপী নীরমহল জল উৎসব গতকাল থেকে শুরু হয়েছে। পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী গতকাল বিকেলে এই উৎসবের উদ্বোধন করেন। উদ্বোধনী অনুষ্ঠানে পর্যটন মন্ত্রী বলেন, আগামীদিনে রাজ্যের পর্যটনকে বিশ্ব দরবারে তুলে ধরতে রাজ্য সরকার আন্তরিকভাবে প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। রাজ্যে পর্যটকের সংখ্যা বাড়ছে। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন সমবায়মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া, বিধায়ক কিশোর বর্মন, নলছড় পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন জহরলাল ঘোষ, সিপাহীজলার জেলা শাসক ডক্টর বিশাল কুমার প্রমুখ।

****************************

**Sikkim flood :**

সিকিমে, বিধ্বংসী আকস্মিক বন্যায় ত্রাণ ও উদ্ধার কাজ অব্যাহত রয়েছে। বন্যায় মৃতের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ২৬ এ। রাজ্যের দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ জানিয়েছে এবং সেনা কর্মী সহ ১৪২ জন নিখোঁজ রয়েছেন।

রাজ্যের মুখ্য সচিব ভি. বি. পাঠক NHIDCLকে যত তাড়াতাড়ি সম্ভব লাভা এবং রেশি চেকপোস্টের মাধ্যমে ছোট এবং ভারী যানবাহনের জন্য রুট খুলে দেওয়ার নির্দেশ দিয়েছেন।

অত্যাবশ্যকীয় পণ্যের দাম অপরিবর্তিত রাখতে, সিকিম রাজ্য সরকার রংপো, রেশি এবং মেলি চেকপোস্টের মাধ্যমে প্রয়োজনীয় পণ্য বহনকারী ব্যক্তিগত যানবাহনের বিশেষ শুল্ক মুকুব করার এবং কিছু কিছু ক্ষেত্রে ভর্তুকি দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে।

সিকিমের মুখ্যমন্ত্রী প্রেম সিং তামাং জানিয়েছেন, মৃতদের পরিবারকে ৪ লক্ষ টাকা করে অনুদান দেওয়া হবে এবং ত্রাণ শিবিরে আশ্রিত ব্যক্তিদের ২ হাজার টাকা করে দেওয়া হবে।

*******************************

**Millet :**

কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রক গতকাল দিল্লির ছাওয়ালায় বিএসএফ ক্যাম্পে মিলেট ফার্মার প্রডিউসার অর্গানাইজেশনস এর একটি প্রদর্শনীর আয়োজন করেছে। আধাসামরিক কর্মীদের মধ্যে মিলেটের প্রচার করা এবং FPO দ্বারা ঘরে উৎপাদিত বিভিন্ন বাজরা পণ্যগুলির সঙ্গে তাদের পরিচিত করানোই এই প্রদর্শনীর উদ্দেশ্য।

প্রদর্শনীর উদ্বোধন করেন কৃষি ও কৃষক কল্যাণ বিভাগের অতিরিক্ত সচিব ফৈয়াজ আহমেদ কিদওয়াই। তিনি বলেন যে এই প্রদর্শনীতে অংশগ্রহনকারী ৩৪টি বাজরা কৃষক উৎপাদক সংঠন দেশের মিলেট আন্দোলনে আরও গতিসঞ্চার করেছে।

************************

**Blood donation camp :**

পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী গতকাল সাউথ ইন্ডিয়ান ব্যাংকের রামনগর শাখার উদ্যোগে আয়োজিত রক্তদান শিবিরের উদ্বোধন করেন। উপস্থিত ছিলেন আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার সহ সাউথ ইন্ডিয়ান ব্যাংকের ম্যানেজার ও কর্মীরা। শিবিরের উদ্বোধন করে মন্ত্রী শ্রী চৌধুরী ব্যাঙ্ক কর্মীরা রক্তদানের মতো কাজে সামিল হওয়ায় তাদের প্রশংসা করেন।

**************************

**Ratan Chakraborty :**

মুখ্যমন্ত্রী মৎস্য বিকাশ যোজনা প্রকল্পে গতকাল পুরাতন আগরতলা ব্লকে আয়োজিত এক অনুষ্ঠানে ৭ জন মৎস্যজীবীকে মাছ সংরক্ষনের জন্য আইসবক্স এবং প্রতি জনকে ৫০০টি করে মাছের পোণা বিতরণ করেন। অনুষ্ঠানে উপস্থিত বিধায়ক রতন চক্রবর্তী বলেন ইতিমধ্যে বিভিন্ন প্রকল্পে ব্লকের মোট ৮৫৪ জন সুবিধাভোগীকে বিভিন্ন সামগ্রী দেওয়া হয়েছে।

*************************

**Administrative Health Camp :**

গতকাল তেলিয়ামুড়া মহকুমা প্রশাসনের উদ্যোগে এবং মুঙ্গিয়াকামী ব্লকের সহযোগিতায় মহারানীপুর বাজার হাই স্কুলে এক প্রশাসনিক শিবির এবং স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। এই শিবিরে উপস্থিত ছিলেন মন্ত্রী বিকাশ দেববর্মা, তেলিয়ামুড়ার মহকুমা শাসক অভিজিৎ চক্রবর্তী, মুঙ্গিয়াকামী ব্লকের বিডিও সুশীল কুমার রিয়াং সহ অন্যান্ন আধিকারিকরা। প্রশাসনিক শিবিরে মন্ত্রী বিকাশ দেববর্মা বলেন সরকারের উদ্দেশ্য সাধারণ মানুষের কাছে সরকারি সুযোগ-সুবিধা পৌঁছে দেওয়া।

**********************

**Weather :**

বঙ্গোপসাগরে সৃষ্ট নিম্নচাপ ক্রমশ দুর্বল হয়ে বর্তমানে বাংলাদেশের উপর অবস্থান নিয়েছে। আবহাওয়া দপ্তর থেকে আজ সকালে এই সংবাদ জানিয়ে বলা হয়, নিম্নচাপ দুর্বল হলেও এর প্রভাবে রাজ্যের আকাশ আজও থাকবে সাধারণত মেঘলা। বজ্র-বিদ্যুৎসহ বিক্ষিপ্তভাবে বৃষ্টির সম্ভাবনা রয়েছে। এছাড়া রাজ্যের পশ্চিমজেলা, খোয়াই, উনকোটি ও উত্তর জেলার কোথাও কোথাও বজ্র-বিদ্যুৎসহ ভারি বৃষ্টিপাতের সতর্ক বার্তা দেওয়া হয়েছে। আগরতলা ও তার আশেপাশে গতকাল সকাল থেকে আজ ভোর পর্যন্ত বৃষ্টি হয়েছে ২৬.৮ মিলিমিটার। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫.৬ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩০ ডিগ্রির কাছাকাছি।

**************************